

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা ভূমি অফিস

মান্দা, নওগাঁ

স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪৪৭.০০০.০২.০০৫.২৬- (১১)

তারিখ: ০৩/০৩/২০২৬ খ্রি.

### নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন ভাঁরশো-তেতুলিয়া ইউনিয়ন ভূমি অফিসের অন্তর্গত কসবামান্দা মৌজায় অবস্থিত ঠাকুরমান্দা রাম নবমী মেলা আগামী ০৯/০৩/২০২৬ খ্রি: তারিখ রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। উক্ত তারিখে যথাসময়ে আগ্রহী/ইচ্ছুক ডাককারীগণকে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

#### ডাকের শর্তাবলী:

১. সবার্চ ডাককারীকে ডাক শেষে ডাকের সমুদয় অর্থ ঐ দিনই পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তীতে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
২. ডাককৃত মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর জমা দিতে হবে;
৩. প্রত্যেক ডাককারীকে জামানত হিসেবে ৩৫০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁ এর অনুকূলে বিডি জমা দিয়ে ০৯/০৩/২০২৬ খ্রি: তারিখ বেলা ১১.০০ টার মধ্যে বিডশিটে নাম অন্তর্ভুক্ত করতে হবে;
৪. মেলায় কোন যাত্রাগান, সার্কাস, পুতুলনাচ বা অন্যান্য অশ্লীল কিছু প্রদর্শন করা যাবে না;
৫. মেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি মেলা ডাককারীকে নিজস্ব কর্মী দ্বারা নিয়ন্ত্রণ করতে হবে;
৬. আগামী ২৭/০৩/২০২৬ খ্রি: তারিখ হতে ০৫/০৪/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত ১০(দশ) দিন ব্যাপী মেলা অনুষ্ঠিত হবে;
৭. মেলায় আমদানী নিষিদ্ধ বা অবৈধ কোন পন্য আমদানী, প্রদর্শন, বিক্রয় করা যাবে না;
৮. জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশ ইতিহাসে, ঐতিহ্য, কৃষ্টি বা সামাজিক রীতিনীতি পরিপন্থী কোন অনুষ্ঠান প্রচার করা যাবে না;
৯. মেলায় কোন প্রকার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়, র্যাফেল ড, লটারি, জুয়া খেলাসহ কোন ধরনের অশ্লীল নাচ গান, অবৈধ কার্যকলাপ পরিচালনা করা যাবে না;
১০. মেলা আয়োজনের নিমিত্ত প্রয়োজনীয় জমি/মাঠ ব্যবহারের জন্য আয়োজক ডাককারীকে নিজ খরচে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে অনুমতি গ্রহণ করতে হবে;
১১. মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষ মেলা চলাকালীন মেলা পরিচালনাকারী কর্তৃপক্ষের কোন রকম কারন দর্শনো ব্যতিরেকে মেলা বন্ধ করার এখতিয়ার সংরক্ষণ করেন;
১২. কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন সময় ডাক গ্রহণ/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্থ:

নাবিল নওরোজ বৈশাখ  
সহকারী কমিশনার (ভূমি)  
মান্দা, নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা ভূমি অফিস

মান্দা, নওগাঁ

তারিখ: ০৩/০৩/২০২৬ খ্রি.


স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪৪৭.০০০.০২.০০৫.২৬- (১১) (১১)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, নওগাঁ
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ
৩. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

৪. অফিসার ইন চার্জ, মান্দা, নওগাঁ। (মেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ রাখাসহ মেলায় যে কোন প্রকার যাত্রাগান, সার্কাস বা অন্যান্য অশ্লীল নৃত্য প্রদর্শন না হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
৫. চেয়ারম্যান, ভাঁরশো ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ
৬. সভাপতি/সম্পাদক, ঠাকুরমান্দা, রঘুনাথ জিউ মন্দির কমিটি, মান্দা, নওগাঁ
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভাঁরশো-তেতুলিয়া ইউনিয়ন ভূমি অফিস, মান্দা, নওগাঁ (তাকে স্থানীয় হাট/বাজারে মাইকিং এর মাধ্যমে নোটিশ জারী করে ডাকের পূর্বে নোটিশ ফেরত দেয়ার জন্য বলা হলো)
৬. অফিসের নোটিশ বোর্ড

  
নাবিল নওরোজ বৈশাখ  
সহকারী কমিশনার (ভূমি)  
মান্দা, নওগাঁ